[redacted]: [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রকার ব্যবসায়িক কার্যক্রম নিষিদ্ধ থাকবে।

একইভাবে ইতিপূর্বে যাদের কাজের স্বার্থে কারফিউর আওতার বাইরে রাখা হয়েছিল, তারা এসব এলাকায় অত্যন্ত নিয়ন্ত্রিতভাবে চলাফেরা করতে পারবেন। এ নির্দেশনা জনস্বার্থ বিবেচনায় জারি করা হয়েছে।

এদিকে সৌদি স্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্র ড. মুহাম্মদ আল আবদালি জানান, গত ২৪ ঘণ্টায় (৬ এপ্রিল বিকাল ৪টা পর্যন্ত) নতুন করে আরও ১৩৮ জন করোনায় আক্রান্ত হয়েছেন। করোনাভাইরাস এক হাজার ৯৩৪ জনের দেহে সক্রিয় রয়েছে। এ নিয়ে মোট আক্রান্তের সংখ্যা ২৫২৩ জন। এই পর্যন্ত মৃত্যু হয়েছে ৩৮ জনের। সুস্থ হয়েছেন ৫৫১ জন।

সুত্র-যুগান্তর

করোনায় আক্রান্ত চিকিৎসকের আত্মহত্যা

করোনাভাইরাসে আক্রান্ত ফরাসি লিগ ওয়ানের ক্লাব রেইমসের চিকিৎসক বের্নাদ গঞ্জালেস আত্মহত্যা করেছেন। রোববার বিকালে তিনি আত্মহত্যা করেন বলে জানিয়েছে ব্রিটিশ গণমাধ্যম ডেইলি স্টার।

আত্মহত্যার আগে গঞ্জালেস একটি নোটও রেখে গেছেন। যেখানে তিনি কোভিড-১৯ রোগে আক্রান্ত হওয়ার কথা জানিয়েছেন। সেই সঙ্গে তার স্ত্রীও করোনায় আক্রান্ত বলে নোটে উল্লেখ করেছেন গঞ্জালেস।

রেইমসের মেয়র আর্নাউদ রোবিনেত জানান, তিনি ৬০ বছর বয়সী গঞ্জালেসের আত্মহত্যার খবর শুনেছেন। যিনি ক্লাবের হয়ে গত ২০ বছর ধরে কাজ করেছেন।

তিনি বলেন, ডা. গঞ্জালেস একটি নোট রেখে গেছেন, যেখানে জানিয়েছেন উনি কোভিড-১৯ রোগে আক্রান্ত।

প্রসঙ্গত করোনাভাইরাস মহামারীতে অচল গোটা বিশ্ব। হু হু করে বাড়ছে আক্রান্ত রোগী ও মৃত্যুর সংখ্যা। বিশ্বের অন্তত ১৩১ দেশে চলছে লকডাউন।

থেমে নেই মৃত্যুর মিছিল, প্রতি মুহুর্তেই বাড়ছে মৃত্যুর সংখ্যা। করোনায় প্রাণহানি ও অসুস্থদের পরিসংখ্যান রাখা প্রতিষ্ঠান ওয়ার্ল্ডওমিটারের তথ্যানুযায়ী, মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত গোটা বিশ্বে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ১৩ লাখ ৪৬ হাজার ৫৬৬ জন।

মারা গেছেন ৭৪ হাজার ৬৯৭ জন। সবচেয়ে খারাপ অবস্থা ইউরোপ ও আমেরিকায়। বেশিরভাগ মৃত্যু হয়েছে এ দুই মহাদেশে। বিশেষ করে যুক্তরাষ্ট্র, ইতালি ও স্পেনে প্রতিদিন মৃত্যুর নতুন রেকর্ড হচ্ছে।

সুত্র-যুগান্তর

আতিফের সুমধুর আজানে ভক্তদের চোখে পানি (ভিডিওসহ)

চলতি সময়ে অধিকাংশ মানুষের ওপর বৈশ্বিক মহামারী করোনাভাইরাসের প্রভাব পড়ছে। এখন পর্যন্ত ৭৪ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে এই ভাইরাসে। আক্রান্ত হয়েছেন ১৩ লাখ ৪৭ হাজারের মতো।

এই কঠিন সময়ে এক অভূতপূর্ব সহায়তার আহ্বান জানিয়েছেন পাকিস্তানি সঙ্গীতশিল্পী আতিফ আসলাম। নিজে আজান দিয়ে তা রেকর্ড করে

ইনস্টাগ্রামে আপলোড করেছেন তিনি।

সঙ্গে উর্দুভাষায় সাবটাইটেলও দিয়েছেন এই শিল্পী। তার আজানের সৌন্দর্য অস্বীকার করার যেমন উপায় নেই, তেমন সামাজিকমাধ্যমেও তা ঝড় তুলেছে।

ভক্তরা জানিয়েছেন, আতিফের কণ্ঠে আজান শুনে তাদের চোখে পানি এসে গেছে। অস্থিরতা অনুভব করেছেন।-খবর ডন

আজান শুনে মুগ্ধ হয়ে সেই অনুভূতি জানিয়েছেন ভক্তরা। বাজগা নাঈম নামের একজন বলেন, মানুষকে অভিভূত করতে আতিফ কখনো ব্যর্থ হননি। তার এই আজানের ধ্বনি আমার অন্তরে গিয়ে লেগেছে। আল্লাহ আমাদের সবাইকে নিরাপদ রাখুন।

টুইটারে ড্রিম গার্ল নামে একজন লিখেছেন, আতিফ আসলাম সুমধুর কণ্ঠে আজান দিয়েছেন, যাতে আমি কান্না ধরে রাখতে পারিনি। তার আজান আমার হৃদয় ছুঁয়ে গেছে।

আর সাঈদ রাফি নামের একজন বলেন, আতিফের প্রতিটি গান আমি শুনেছি। কিন্তু আজানের মতো এমন মধুর কণ্ঠ তার কোনো গানে আমি শুনিনি।

করোনাভাইরাস মহামারী শুরু হওয়ার পর থেকেই সামাজিকমাধ্যমে সরব হতে দেখা গেছে এই বলিউড শিল্পীকে। এই কঠিন সময়ে তিনি মানুষকে দান করতেও উৎসাহিত করছেন।

https://youtu.be/qcHGssAECkA?t=27

সুত্র-যুগান্তর

করোনা: আমেরিকায় ডাক্তারসহ

আরও ৮ বাংলাদেশির মৃত্যু

মার্কিন যুক্তরাষ্ট্রে করোনায় আক্রান্ত হয়ে সোমবার আরও ৮ বাংলাদেশির মৃত্যু হয়েছে। এর মধ্যে নিউইয়র্কে সাত পুরুষ ও মিশিগানে একজন নারী মারা গেছেন।

প্রাণঘাতী করোনায় এ নিয়ে যুক্তরাষ্ট্রে মোট ৮৬ বাংলাদেশি প্রাণ হারালেন। তাদের মধ্যে নিউইয়র্কে ৮১ জন, নিউজার্সিতে চার ও মিশিগানে একজন।

জানা গেছে, নর্থ ব্রঙ্কস সেন্টাল হাসপাতালে সোমবার সকালে মারা যান ব্রঙ্কসের বাসিন্দা মুক্তিযোদ্ধা ডা. ইফতেখার উদ্দিন কাঞ্চন। ৬৭ বছরের এই চিকিৎসক ছিলেন নিউইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের মহামারী রোগ বিশেষজ্ঞ।

এদিকে এই মহামারীর সঙ্গে লড়াই করে এদিন ভোরে এলমহাস্ট্র হাসপাতালে মারা যান বাংলাদেশ সোসাইটির কার্যকরী সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আজাদ বাকের।

জেএফকে টার্মিনাল ৫-এর এয়ারওয়ে কর্মরত জ্যামাইকার বাসিন্দা মোহাম্মদ আজাদুর রহমান মারা গেছেন জ্যামাইকা হাসপাতালে। আজাদুরের বড় ভাই ম্যানহাটনের মাউন্ট সিনাই হাসপাতালে আইসিইউতে রয়েছেন।

দুপুরে মারা যান ব্রঙ্কসের বাসিন্দা কুষ্টিয়া জেলা সমিতির উপদেষ্টা আফতাব উদ্দিন (৭১)। ভোরে ওজন পার্কে মারা যান ৭৭ বছর বয়সী বাবুল মিয়া।

ব্রুকলিনে মারা যান বেগমগঞ্জ ওয়েল অ্যাসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক। ষাটোর্ধ্ব আবুল ফাররাহও মারা গেছেন ব্রুকলিনে।

এদিন দুপুরে মিশিগানের হ্যামট্রামিক সিটিতে করোনায় আক্রান্ত এক প্রবীণ বাংলাদেশি নারী (৭৩) মারা যান।

নিউইয়র্কে করোনায় আক্রান্ত বেশ কয়েকজন বাংলাদেশি সংকটাপন্ন অবস্থায় হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। তাদের মধ্যে বেশ কয়েকজন চিকিৎসকও রয়েছেন।

বিক্রি করেছে চীন

প্রাণঘাতি করোনাভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ায় গত এক মাসে বিশ্বের বিভিন্ন দেশে প্রায় ৪০০ কোটি পিস মাস্ক বিক্রি করেছে চীন।

দেশটির শুল্ক দফতরের কর্মকর্তা জিন হাই রোববার জানান, এ পর্যন্ত ৩৮৬ কোটি মাস্ক, ৩ কোটি ৭৫ লাখ সুরক্ষা পোশাক, ১৬ হাজার ভেন্টিলেটর এবং ২৮ লাখের বেশি করোনাভাইরাসের টেস্টিং কিট রফতানি করেছেন তারা। মোট ১৪০ কোটি ডলা চিকিৎসাসামগ্রী রফতানি হয়েছে।

তবে নেদারল্যান্ডস, ফিলিপাইন, ক্রোয়েশিয়া, তুরস্ক ও স্পেন তাদের নিম্নমানের চিকিৎসাসামগ্রী নিয়ে প্রশ্ন তুলেছে।

মানসম্পন্ন না হওয়ায় নেদারল্যান্ডস সরকার গত সপ্তাহে চীন থেকে পাঠানো ১৩ লাখ মাস্কের মধ্যে ছয় লাখ ফিরিয়ে দিয়েছে।

করোনাভাইরাসে প্রথম আক্রমণের শিকার হয় চীন। প্রায় আড়াই মাসের লড়াই শেষে ভাইরাসটিকে নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়েছে দেশটি। চীন এখন বিশ্বের কাছে ‘করোনা মোকাবেলায় মডেল’। করোনার উৎসস্থল চীনের হুবেই প্রদেশে গত তিন দিনে নতুন করে কেউ আক্রান্ত হয়নি।

পর্যাপ্ত ভাইরাস শনাক্তকরণ কিট, মাস্ক, ভেন্টিলেটর, সুরক্ষামূলক পোশাক এবং চিকিৎসকদের একাগ্র প্রচেষ্টায় পুরোপুরি সফল তারা।

চীনই এখন বিশ্বের অন্যান্য দেশের আদর্শ ও একমাত্র ভরসার পাত্রে পরিণত হয়েছে। বিভিন্ন চিকিৎসা সরঞ্জাম চেয়ে চীনের দ্বারস্থ হচ্ছে করোনা আক্রান্ত দেশগুলো। তাদের আবেদনে সাড়াও দিচ্ছে চীন।

মেডিকেল সরঞ্জামের পাশাপাশি করোনা বিশেষজ্ঞদের পাঠিয়েও সহায়তার হাত প্রশস্ত করছে বেইজিং।

সুত্র-যুগান্তর

[redacted]: [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সেবাদানকারী প্রতিষ্ঠানগুলো বাদে সকল শিক্ষাপ্রতিষ্ঠান, শিল্প কলকারখানা, কনস্ট্রাকশন সাইটগুলো বন্ধ থাকবে।

অভিবাসীদের থাকার ডরমেটরিগুলোতে করোনার বিস্তার রোধের জন্য সিঙ্গাপুরের জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বাস্থ্য মন্ত্রণালয় একসঙ্গে কাজ করছে।

সিঙ্গাপুরে করোনাভাইরাসে আক্রান্ত মোট ১ হাজার ৩০৯। মারা গেছেন ছয়জন। আর সুস্থ হয়েছেন ৩২০ জন।

সুত্র-আমাদের সময়

করোনায় নিউইয়র্কে সাবেক এমপিসহ ৭৮ বাংলাদেশির মৃত্যু

মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং সাবেক এমপি সিরাজুল ইসলাম (৭৭) করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৪ এপ্রিল শনিবার নিউইয়র্ক সিটির কুইন্সের হাসপাতালে ইন্তেকাল করেছেন। বেশ কদিন এলমহার্স্ট হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন আওয়ামী লীগের প্রবীণ এই নেতা। এ নিয়ে নিউইয়র্ক অঞ্চলে কমপক্ষে ৭৮ বাংলাদেশির মৃত্যুর সংবাদ পাওয়া গেল গত ১৪ মার্চ থেকে।

হাসপাতাল সূত্রে জানানো হয়, একইদিন সন্ধ্যায় কুইন্স হাসপাতালে ইন্তেকাল করেছেন তাহমিনা ইসলাম খান তমা (৩০)। জামালপুরের ইসলামপুর উপজেলা সদরের বাসিন্দা তাহমিনা ২০১৮ সালের ১৯ ডিসেম্বর অভিবাসী ভিসায় নিউইয়র্কে এসেছিলেন।

এদিকে, ৫ এপ্রিল নিউইয়র্ক সিটির কুইন্স এবং ব্রুকলীনে কামাল আহমেদ (৬৬), রাফায়েল (৪৫), বাবুল (৬০), আতাউর রহমান (৫৬) নামক ৩ বাংলাদেশির মৃত্যুর সংবাদ দিয়েছেন স্বজনেরা।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরে প্রচণ্ড গোলাগুলি, ৩ সেনাসহ নিহত ১২

ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরে রোবববার পৃথক ঘটনায় ৩ সেনা এবং ৯ স্বাধীনতাকামী গেরিলা নিহত হয়েছেন।

তবে ভারতের সেনাবাহিনীর মুখপাত্র কর্নেল রাজেশ কালিয়া জানান, রোববার ভোরে সেনাবাহিনীর গুলিতে পাঁচ গেরিলা নিহত হয়েছে। খবর গালফ টুডের।

ভারত ও পাকিস্তানের মধ্যে বিভক্ত কাশ্মীরের কার্যকর সীমান্ত হিসেবে পরিচিত নিয়ন্ত্রণ রেখা বা এলওসি কাছাকাছি উত্তরাঞ্চলীয় কেরান এলাকায় ওই পাঁচ গেরিলা নিহত হন।

সংঘর্ষে তিন সেনা নিহত এবং কয়েকজন মারাত্মকভাবে আহত হয়েছে বলেও জানান তিনি।

ভারতের কেন্দ্রীয় সরকারি বাহিনী এবং স্বাধীনতাকামী গেরিলাদের মধ্যে দক্ষিণাঞ্চলীয় কুলগামে বন্দুকযুদ্ধের মাত্র ২৪ ঘণ্টার মধ্যেই এ লড়াই হয়। সেখানে শনিবার চার গেরিলা নিহত হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

ভারতের সংবিধান ৩৭০ ধারা বাতিলের পর দেশটির নিয়ন্ত্রিত জম্মু- কাশ্মীরের বিশেষ মর্যাদা কেড়ে নিয়ে সেখানে কেন্দ্রী সরকারের শাসন জারি করা হয়। তখন থেকেই কাশ্মীরের সব রাজনৈতিক নেতাকে গৃহবন্দি করে রাখা হয়।

গণআন্দোলনের ভয়ে সেখানে মাসের পর পর মাস কারফিউ জারি করে রাখা হয়। কারফিউ প্রত্যাহারের পর সেখানে জমির মালিকানা অধিকার আইনে পরিবর্তন আনার সিদ্ধান্ত নেয়ার কয়েক দিনের মধ্যেই সেখানে প্রচণ্ড যুদ্ধ হয়।

এই আইন পরিবর্তন করা হলে ভারতীয়রা কাশ্মীরের স্থায়ী বাসিন্দা হতে পারবেন। আর এতে মুসলমান অধ্যুষিত হিমালয় অঞ্চলটিতে জনমিতির পরিবর্তন ঘটবে বলে আশংকা করা হচ্ছে।

করোনার প্রকোপ ঠেকাতে একশ ১৩ কোটি মানুষের দেশ ভারতে যখন ২১ দিনের লকডাউন ঘোষণা করা হয়েছে তখন কাশ্মিরে এ আইনের পরিবর্তন আনায় একে অনেকে উদ্দেশ্য প্রণোদিত হিসেবে দেখছেন।

গত আগস্টের ৫ তারিখে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশাসন আধা স্বায়ত্তশাসনের মর্যাদা বাতিল করার পর থেকেই কার্যত লকডাউনে রয়েছে জম্মু ও কাশ্মির।

কাশ্মিরে কয়েক হাজার অতিরিক্ত সেনা প্রেরণের পাশাপাশি, কঠোর কারফিউ বলবত করে নয়াদিল্লি । টেলিযোগাযোগ এবং ইন্টারনেট সেবা বন্ধ করে দেয়। কাশ্মিরের রাজনৈতিক নেতা এবং স্বাধীনতাকামীদেরকে করে গ্রেফতার।

সাত দশক আগে ভারত ও পাকিস্তানের মধ্যে ভাগ হওয়ার পর নয়াদিল্লি কাশ্মীরকে বিশেষ মর্যাদার প্রতিশ্রুতি দিয়েছিল। তবে মোদি এবং তার উগ্র হিন্দুবাদী ভারতীয় জনতা পার্টি বা বিজেপি দীর্ঘদিন ধরে কাশ্মীরের স্বায়ত্তশাসনের বিরোধিতা করছে।

সুত্র-যুগান্তর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

‘করোনার চাপ নিতে না পেরে আত্মহত্যার পথ বেছে নিলাম’

প্রাণঘাতী করোনাভাইরাস আতঙ্কে ভারতে এবার সরকারি এক নারী কর্মকর্তা গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন।

আত্মহত্যার আগে ওই নারী একটি সুইসাইড নোটও লিখে গেছেন। তবে ওই নারীর কোনো পরিচয় প্রকাশ করা হয়নি।

শনিবার অরুণাচল প্রদেশের ইটানগরে এ মর্মান্তিক ঘটনাটি ঘটে।

এর আগে শুক্রবার পাঞ্জাবের অমৃতসরে করোনা আতঙ্কে এক বয়স্ক দম্পতি আত্মহত্যা করেন।

ইটানগর পুলিশ সূত্রের বরাতে ভারতীয় সংবাদমাধ্যম এই সময় জানিয়েছে, করোনাভাইরাসের প্রাদুর্ভাবে আতঙ্কিত হয়ে পড়েছিলেন সরকারি ওই নারী কর্মকর্তা। তার জেরেই আত্মহননের মতো পথ বেছে নেন। বাথরুমেই তিনি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। বাড়ির বাথরুম থেকে পুলিশ একটি সুইসাইড নোটও উদ্ধার করেছে।

চিঠিতে তিনি লেখেছেন– ‘যে হারে কোভিড-১৯ সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে, তাতে আমি আতঙ্কিত। দিনের পর দিন করোনার চাপ নিতে না পেরেই আত্মহত্যার পথ বেছে নিতে বাধ্য হলাম।’

এর আগে শুক্রবার সাথিয়াললা গ্রামের বাড়ি থেকে এক বয়স্ক দম্পতির লাশ উদ্ধার হয়। পুলিশ জানিয়েছে, বলবিন্দর সিং (৫৭) ও গুরজিন্দর কৌর (৫৫) ধরেই নিয়েছিলেন তারা করোনায় আক্রান্ত।

সুইসাইড নোটে তারা লেখেন, করোনাভাইরাসের কারণে নিজেদের জীবন তারা শেষ করে দিচ্ছেন। এই মৃত্যুর পেছনে কারও হাত নেই। তবে পুলিশ জানিয়েছে, মৃত দম্পতির পরীক্ষায় করোনা সংক্রমণের প্রমাণ মেলেনি।

সুত্র-যুগান্তর